

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৩৬. নিস্তারপর্ব ও প্রভুর ভোজের বর্ণনায় বৈপরীত্য

'নিস্তারপর্ব পালন ও প্রভুর ভোজ স্থাপন' বিষয়ে লূক ২২ অধ্যায়, মথি ২৬ অধ্যায় ও মার্ক ১৪ অধ্যায়ের মধ্যে তুলনা করলে পাঠক দুটো পার্থক্য দেখবন:

প্রথমত: লূক দু'বার পানপাত্র গ্রহণের কথা উল্লেখ করেছেন। ভোজের পূর্বে একবার এবং ভোজের পরে একবার। অপর দিকে মথি ও মার্ক একবার পানপাত্র গ্রহণের কথা উল্লেখ করেছেন। লূকের বর্ণনা সত্য হলে ক্যাথলিক সহ সকল খ্রিষ্টান একটা প্রশ্নের সম্মুখীন হবেন, তা হল, লূকের বর্ণনা অনুসারে দু'বার পানপাত্র ব্যবহার না করে তারা কেন 'প্রভুর ভোজে' একবার মাত্র পানপাত্র ব্যবহার করেন?

দ্বিতীয়ত, লূকের বর্ণনা থেকে জানা যায় যে, যীশুর শরীর তাঁর শিষ্যদের নিমিত্ত প্রদত্ত (এবং তাঁর রক্ত তাদেরই জন্য পতিত)। মার্কের বর্ণনা থেকে জানা যায় যে, তাঁর রক্ত 'অনেকের জন্য পতিত'। আর মথির বর্ণনা থেকে বুঝা যায় যে, তাঁর দেহ কারো জন্য প্রদত্ত নয়। বরং নতুন নিয়মই পতিত ও প্রবাহিত। (মথি ২৬/২০-২৯; মার্ক ১৪/১৭-২৫; লূক ২২/১৪-২১)

সবচেয়ে আশ্চর্য বিষয় হল, যোহন এ ঘটনাটা উল্লেখই করেননি, যদিও এ ঘটনাটা খ্রিষ্টধর্মের অন্যতম ভিত্তি। অথচ তিনি আতর ঢেলে দেওয়া, গাধার পিঠে আরোহণ করা এবং অন্যান্য অনেক খুঁটিনাটি বিষয় উল্লেখ করেছেন যেগুলো অন্য তিন সুসমাচারেও উল্লেখ করা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14032

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন